ইত্তেফাক

তারিখ ৩০/১০/৮১

পৃষ্ঠা ... কলাম ...



# বেসরকারী শিক্ষকদের বেতন স্কেল বাস্তবায়নে চুক্তি স্বাক্ষর

বেসরকারী বিদ্যালয়, কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের বেতন স্কেল বাস্তবায়নের ব্যাপারে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন ও সরকারের মধ্যে গত মঙ্গলবার একটি চুক্তি স্বাক্ষরিত হইয়াছে বলিয়া সমিতির একপ্রেস বিজ্ঞপ্তিতে গতকাল (বুধবার) জানানো হয়।

১৯৭৯ সনের চুক্তির আলোকে মঙ্গলবারের এই চুক্তিটি স্বাক্ষরিত হয়। প্রধানমন্ত্রীর অফিসে শিক্ষা প্রতিমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা ও সমিতির কর্মকর্তাদের উপস্থিতিতে এই চুক্তি স্বাক্ষরিত হয় বলিয়া জানানো হয়।